

আন্দোলনকারী শিক্ষার্থীদের হাতে জবির ভিসি লাঞ্ছিত

জবি প্রতিনিধি

অপরাধ বিশ্ববিদ্যালয়ে আন্দোলনকারী শিক্ষার্থীদের হাতে লাঞ্ছিত হয়েছেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নেসবাহউদ্দিন আহমেদ। বুধবার দুপুরে আন্দোলনকারী শিক্ষার্থীদের প্রতিবন্ধকতা উপেক্ষা করে প্রশাসনিক ভবন থেকে বের হওয়ার সময় ভিসি এ ঘটনার শিকার হন। এদিকে আন্দোলনকারী শিক্ষার্থীরা নথি আদায়ে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিলসহ দু'ঘণ্টা ভিসির ভবন অবরুদ্ধ করে রাখেন। প্রত্যক্ষদর্শীরা জানায়, প্রথম দলের অর্ধেক উন্নয়ন ও উন্নয়ন টাঙ্ক প্রত্যাহার, উন্নয়ন তহবিলের একশ, কোটি টাঙ্ক বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে ব্যবহার করা ও নতুন হল নির্মাণ করে আবাদে সমস্যা সমাধান করার দাবিতে বুধবার দুপুর ১২টার দিকে প্রগতিশীল ছাত্রলীগ ও সাধারণ শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন এলাকা প্রদক্ষিণ শেষে প্রশাসনিক ভবনের সামনে অবরুদ্ধ নেয়। এ সময় আন্দোলনকারী শিক্ষার্থীরা নতুন হল নির্মাণের বিভিন্ন দাবিতে স্লোগান দিতে থাকে। আন্দোলনকারী শিক্ষার্থীদের ডোপের মুখে প্রশাসনিক ভবনের প্রধান চটকে তামা চুলিয়ে দেয় কর্তৃপক্ষ। এভাবে আন্দোলনকারী শিক্ষার্থীরা প্রায় লাঞ্ছিত : পৃষ্ঠা ১৪ : কলাম ৩

লাঞ্ছিত : জবির ভিসি

(১ম পৃষ্ঠার পর)

দু'ঘণ্টা প্রশাসনিক ভবন অবরুদ্ধ করে রাখেন। এতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হয়। দুপুর ২টার দিকে ভিসি করেকমন কর্মকর্তাকে নিয়ে প্রশাসনিক ভবন থেকে বের হতে চাইলে আন্দোলনকারী শিক্ষার্থীরা তাকে ঘিরে ধরেন। এক পর্যায়ে করেকমন শিক্ষার্থী ভিসির কোর্ট ঘরে ঢোকাতে চেষ্টা করেন। পরে পুলিশ ও বিশ্ববিদ্যালয় বাহ্যিক ছাত্রলীগের সাধারণ সম্পাদক এসএম সিরাজুল ইসলামের এবং তার কর্মীদের সহায়তায় ভিসি ক্যাম্পাস ত্যাগ করেন। বিশ্ববিদ্যালয়ের প্রচীর অশোক কুমার সাহা বলেন, বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তার হাফেজ প্রশাসনিক ভবনের প্রধান চটকে তামা মেয়া হয়েছিল। তবে, ভিসি লাঞ্ছিত হওয়ার ব্যাপারে ভিসি কোন মন্তব্য করতে রাজি হননি।